



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট
dss.sylhetdiv.gov.bd

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.০১.০০১.২২.৬৪

তারিখ: ১১ মাঘ ১৪২৯
২৫ জানুয়ারি ২০২৩

বিষয়: উপজেলা সমাজসেবা কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ এর অভ্যন্তরীণ অডিট প্রতিবেদন মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: .

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গত ১৯ জানুয়ারি ২০২৩ উপজেলা সমাজসেবা অফিস জগন্নাথপুর, সুনামগঞ্জ এর দাপ্তরিক ও মাঠ কার্যক্রমের সকল দলিলাদি নিম্ন-স্বাক্ষরকারীর অফিসে যাচাইপূর্বক নিম্নোক্ত ত্রুটি/ঘটতি পাওয়া যায়:

আরএসএস: (শুরু হতে ৬ষ্ঠ পর্ব)

১. বিনিয়োগের ৭,১১,১৯০ টাকা ও পুনঃবিনিয়োগের ১০,৯০,১০০ টাকা দীর্ঘদিন ধরে মাঠে অনাদায়ী এবং ৩০,০৭,৯১০ টাকা দীর্ঘদিন ধরে মাঠে অবিতরণকৃত অবস্থায় ব্যাংকে গচ্ছিত রয়েছে। গ্রামভিত্তিক ক্যাশ বহি নাই। উপজেলা সমাজসেবা অফিসার মূলধনের সার্ভিসচার্জ ও ব্যাংক সুদের হিসাব পৃথকভাবে উপস্থাপন করতে পারেননি। ঋণআদায় রেজিস্টারে আদায় সংক্রান্ত তথ্যাদি সঠিকভাবে লিপিবদ্ধ নাই। ০৪ জুন ২০১৩ তারিখ চাঁনপুর গ্রামে ৫০,০০০ টাকা ও বালিকান্দি গ্রামে ৫০,০০০ টাকা, বিতরণ রেজিস্টারে ২৪ পৃষ্ঠায় বর্ণিত কালিটেকা গ্রামে ১০ জনের মধ্যে ১,০০,০০০ টাকা, ১১ জানুয়ারী ২০১৫ তারিখ বিতরণ রেজিস্টারে ২৬ নং পৃষ্ঠায় খাশিলা গ্রামে ১,৫০,০০০ টাকা, ১২-১-২০১৫ তারিখ বিতরণ রেজিস্টারে ২৯ নং পৃষ্ঠায় বর্ণিত পাঠকুরা ভুরায়া গ্রামে ১,৫০,০০০ টাকা, ২৩-১২-২০১৪ তারিখ বিতরণ রেজিস্টারে ৩২ নং পৃষ্ঠায় শাসন উত্তরপাঁড়া গ্রামে ১,০০,০০০ টাকা, বিতরণ রেজিস্টারে ৩৪ নং পৃষ্ঠায় বর্ণিত বাগময়না গ্রামে ১,০০,০০০ টাকা, বিতরণ রেজিস্টারে ৩৫ নং পৃষ্ঠায় বর্ণিত ঘীপুরা গ্রামে ৫০,০০,০০০ টাকা, বিতরণ রেজিস্টারে ৩৬ নং পৃষ্ঠায় বর্ণিত ঘীপুরা গ্রামে ৫০,০০০ টাকা, বিতরণ রেজিস্টারে ৫৮ নং পৃষ্ঠায় বর্ণিত চক হাসিমপুর গ্রামে ১,০০,০০০ টাকা, বিতরণ রেজিস্টারে ৫৯ নং পৃষ্ঠায় বর্ণিত দারুল ইসলাম ৪ জনের মধ্যে ১,০০,০০০ টাকা, বিতরণ রেজিস্টারে ৭৫ নং পৃষ্ঠায় বর্ণিত কালিবাড়ি গ্রামে ২ জনের মধ্যে ৪০,০০০ টাকা বিতরণ করা হয় যাতে কর্মকর্তা/কর্মচারীর কোন স্বাক্ষর নাই। ২২-১২-২০১৫ তারিখ হাড়গ্রামে ৩৪,০০০ টাকা বিতরণ করা হয় যাতে রাজস্ব স্ট্যাম ব্যবহার করা হয়নি। এতদসংক্রান্ত বরাদ্দ কপি, বরাদ্দ রেজিস্টার ও মাসিক প্রতিবেদন কর্মকর্তা উপস্থাপন করতে পারেননি; আবেদনপত্র, চুক্তিপত্র জগন্নাথপুর অফিসে সংরক্ষিত নাই।

আরএসএস: (সুদমুক্ত ক্ষুদ্রঋণ)

২. মূলধন বিনিয়োগের ৬৬,৪৬,১৮০ টাকা ও পুনঃবিনিয়োগের ১,৩৭,৫০০ টাকা দীর্ঘদিন ধরে মাঠে অনাদায়ী। বিনিয়োগের ১৩,৪১,৩২০ টাকা ব্যাংকে গচ্ছিত; পুনঃবিনিয়োগের কোন উদ্যোগ নেই। ডিসেম্বর ২০২২ মাসের প্রতিবেদন অনুযায়ী ব্যাংকে জমা দেখা যায়, ১২,৩৮,১২০ টাকা কিন্তু অডিটে যাচাইমতে ১,০৩,২০০ টাকা একাউন্টে কম আছে। এতদবিষয়ে কর্মকর্তা যথাযথ হিসাব উপস্থাপন করতে পারেননি। গ্রামভিত্তিক ক্যাশ বহি লেখা হয়নি। সার্ভিস চার্জ ও ব্যাংক সুদের হিসাব পৃথক ভাবে উপস্থাপন করতে পারেননি। ঋণআদায় রেজিস্টারে আদায় সংক্রান্ত কোন তথ্য লিপিবদ্ধ নাই। ক্যাশ বহি নাই। বিনিয়োগ ও আদায় রেজিস্টারে ৪৮ নং পৃষ্ঠায় বর্ণিত কাকবলি গ্রামে ৮ জন ঋণগ্রহিতার মাঝে ১,০০,০০০ টাকা, রেজিস্টারে ৫০ নং পৃষ্ঠায় বর্ণিত ইয়াতপুর গ্রামে ৭ জন ঋণগ্রহিতার মাঝে ১,০০,০০০ টাকা, রেজিস্টারে ৫২ নং পৃষ্ঠায় বর্ণিত আসামপুর গ্রামে ১০ জন ঋণগ্রহিতার মাঝে ১,০০,০০০ টাকা ইউনিয়ন সমাজকর্মী সুরত তালুদার কর্মকর্তার কলামে স্বাক্ষর করে সম্পূর্ণ টাকা বিতরণ করে দেন।

পল্লী মাতৃকেন্দ্র:

৩. মূলধনের ২,০৬,০০০ টাকা দীর্ঘদিন ধরে ব্যাংকে কেন্দ্রীয় হিসাবে গচ্ছিত রয়েছে; বিনিয়োগের ৪,২৯,০০০ টাকা ও পুনঃবিনিয়োগের ৩,৯৭,৯৫০ টাকা মোট ৮,২৭,৩৫০ টাকা দীর্ঘদিন ধরে মাঠে অনাদায়ী। ১০,৪৮,৬৭০ টাকা দীর্ঘদিন ধরে ব্যাংকে গচ্ছিত আছে, পুনঃবিনিয়োগের কোন উদ্যোগ নাই। উপজেলা সমাজসেবা অফিস, জগন্নাথপুর ব্যাংক স্টেটমেন্টসহ অডিটকালে হিসাব বুঝিয়ে দিতে পারেননি। মাতৃকেন্দ্রের ক্যাশবহি নাই, সার্ভিসচার্জ ও ব্যাংক সুদের হিসাব পৃথকভাবে উপস্থাপন করতে পারেননি। কিন্তু আদায় হিসাব রেজিস্টারে সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়নি।

দক্ষ ও শারীরিক প্রতিবন্ধী ঋণ:

৪. বিনিয়োগের ৮,১৫,০১৩ টাকা ও পুনঃবিনিয়োগের ১,৭২,০৫০ টাকা দীর্ঘদিন ধরে মাঠে অনাদায়ী। ৫,৭৬,৭২৫ টাকা দীর্ঘদিন ধরে ব্যাংকে গচ্ছিত অবস্থায় আছে পুনঃবিনিয়োগের কোন উদ্যোগ নাই। সমাজসেবা অফিসার ব্যাংক স্টেটমেন্টসহ অডিটকালে হিসাব বুঝিয়ে দিতে পারেননি। সার্ভিসচার্জ ও ব্যাংক সুদের হিসাব পৃথকভাবে উপস্থাপন করতে পারেননি। ইউনিয়নভিত্তিক ব্যাংক হিসাব পৃথক করা হয়নি এবং ক্যাশবহিও নাই।

৫. সমাজকল্যাণ পরিষদের ব্যাংক হিসাবে ১,৩৫,০০০ টাকা গচ্ছিত রয়েছে যা যথাযোগ্য সুবিধাপ্রাপককে বিতরণ করা হয়নি ক্যাশবহিও নাই। ইতোপূর্বে সমাজকল্যাণ পরিষদ থেকে গরিব অসহায় মানুষকে সাহায্য করা হয়েছে এমন কোন ধরনের প্রমানক কর্মকর্তা উপস্থাপন করতে পারেননি।

৬. ভিক্ষুক পূর্নবাসন ও বিকল্প কর্মসংস্থান কার্যক্রমের ৩,০০,০০০ টাকা ব্যাংকে গচ্ছিত অবস্থায় পড়ে আছে। ইতোপূর্বে ভিক্ষুক পূর্নবাসনে কোন পূর্নবাসন পদক্ষেপ নেয়ার প্রমাণক পাওয়া যায়নি।


৭. রোগীকল্যাণ সমিতির ৬,৫০,৭৩২ টাকা ব্যাংকে গচ্ছিত রয়েছে। ক্যাশবহি নাই। ইতিপূর্বে রোগীকল্যাণ সমিতির থেকে গরিব অসহায় রুগীকে সাহায্য করা হয়েছে এমন কোন ধরনের প্রমানক কর্মকর্তা উপস্থাপন করতে পারেননি।

৮. কর্মী ভিত্তিক আদায় রিপোর্ট দেখাতে পারেননি।

৯. মাঠে অনাদায়ী টাকার কোন তালিকা উপস্থাপন করতে পারেননি। কিন্তু আদায়ের রশিদবহি ও ব্যাংক জমা বহিতে কর্মকর্তার কোন তদারকি নাই।

১০. ঋণবিতরণে পিআইসি সভার কার্যবিবরণী নাই; সার্বিক বিবেচনায় উপজেলার কোন কাজেই নিবীড় পর্যবেক্ষণ করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়নি।

এমতাবস্থায় আগামী ৩০ মার্চ ২০২৩ তারিখের মধ্যে বর্ণিত ত্রুটি/বিচ্যুতি সংশোধন ও সকল রেজিস্টার, নথিপত্র, ক্যাশবহি হালনাগাদসহ সকল কর্তব্যসূচীর বিপরীতে বরাদ্দকৃত টাকা নীতিমালা অনুযায়ী যথাযথভাবে খরচ করা ও সকল বিনিয়োগ ও পুনঃবিনিয়োগ শতভাগ নিশ্চিত করার যথাযথ পদক্ষেপ গ্রহণে আপনাকে অনুরোধ করা হলো।



২৫-০১-২০২৩

মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক

০১৮১৮৫৯৫৩৪৫

shahidulislam.dss@gmail.com

উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, সুনামগঞ্জ।

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.০১.০০১.২২.৬৪ / ১ (৩)


তারিখ: ১১ মাঘ ১৪২৯
২৫ জানুয়ারি ২০২৩

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর;

২। পরিচালক, কার্যক্রম অধিশাখা, সমাজসেবা অধিদফতর এবং

৩। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, উপজেলা সমাজসেবা কার্যালয়, জগন্নাথপুর, সুনামগঞ্জ।



২৫-০১-২০২৩

মোহাম্মদ শহীদুল ইসলাম
পরিচালক